মেহেরপুরে অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের গণসংযোগ ও পথসভা

মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলামের গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২১ সেপ্টেম্বর) বিকালে মেহেরপুর ৮ নম্বর ওয়ার্ডে গনসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

প্রধানমন্ত্রীর অর্জিত নব উদ্দিপনার স্মার্ট বাংলাদেশ শীর্ষক পথসভায় বক্তব্য রাখেন, দুই নাম্বার ওয়ার্ড কাউন্সিলর আল মামুন,আওয়ামী লীগ নেতা আব্দুর রেজা,জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শোভন সরকার, সাবেক যুবলীগ সাধারণ সম্পাদক সাজ্জাদুল আলমসহ আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতারা। গণসংযোগ কালে অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম বর্তমান সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলকে নৌকার পক্ষে কাজ করার আহবান জানান।

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশী আফরোজা পারভীনের নেতৃত্ব চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়নের যুব মহিলা লীগের সাবেক সংরক্ষিত মহিলা সদস্য মুসলিমা মেম্বারের আয়োজনে আজ বুধবার বিকাল চারটার সময় এই উঠান বৈঠক ও গণসংযোগ অনুষ্ঠিত হয়।

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে পথসভা কর্মী সমাবেশ

উঠান বৈঠক ও গণসংযোগ করছেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভীন।

এ সময় আফরোজা পারভীন বলেন, শেখ হাসিনা সরকার উন্নয়নের সরকার। আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ওই বিএনপি দল যদি আবারো কোন প্রকার চক্রান্তের চেষ্টা করে তাহলে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের পক্ষ থেকে তা শক্ত হাতে প্রতিহত করা হবে বলে জানান তিনি। এ সময় তিনি দেশের উন্নয়নের জন্য আবারো নৌকা মার্কায় ভোট চান।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সহ-সভপতি পূর্ণিমা হালদার,যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন, সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, ছাত্রলীগ ও যুবলীগের নেতৃবৃন্দ রাতুল, সাকিব শেখ, মাহফুজ, আকাশ, কুতুব, রিপন, শাওন, সিফাত, জিরান, সেজান ও আওয়ামী লীগের নেতৃবৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলা ও আলমডাঙ্গা উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন আওয়ামীলীগের উদ্যোগে কর্মি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে আইলহাঁস বাজারে এ কর্মি সভার আয়োজন করা হয়।
কর্মি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

রুন্নু, সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল, হায়াত, বিল্লাহ গনি, হেলা মিয়া, রশীদ, ছাত্রলীগ নেতা বাদসা,রকি প্রমুখ।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজা পারভীনের গণসংযোগ

চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নে যুব মহিলা লীগের পক্ষ থেকে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন এর নেতৃত্ব চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নের বিভিন্ন গ্রামে নির্বাচনী গণসংযোগ করেন করা হয়।

এ সময় গণসংযোগ করে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরেন ও লিফলেট বিতরণ করেন এবং আগামী দ্বাদশ সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা সরকার ও নৌকা মার্কার পক্ষে ভোট চান।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি- পূর্ণিমা হালদার,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী ছাত্রলীগ ও যুবলীগ সহ ও চুয়াডাঙ্গা সদর উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

রাজনৈতিক দৌড়ে পরাজিত হয়ে আমার বিরুদ্ধ মিথ্যাচার করছে একটি মহল – এম এ খালেক

রাজনীতির দৌড়ে পরাজিত হয়ে আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করেছে একটি মহল। সামনে নির্বাচনকে কেন্দ্র করে আমার জনপ্রিয়তা নষ্ট করার পাঁয়তারা করছে মহলটি। আমার বিরুদ্ধে কারা কারা ষড়যন্ত্র করছে আমি তা জেনে ফেলেছি। আমি ওইসব ষড়যন্ত্রকারীদের রুখে দিয়ে সামনে এগিয়ে যাব, এমনটাই বলছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক।

গতকাল সোমবার বিকেলে তিনি তার নবনির্মিত মাছের খাবার তৈরি কারখানায় এক প্রতিবাদ সভায় তিনি এসব কথা বলেন।

এমে খালেক বলেন, ফেসবুক পেইজে ফেক আইডিতে ষড়যন্ত্রমূলক অপপ্রচার ছড়িয়ে দিয়ে আমার বিরুদ্ধে বলানো হচ্ছে। গাংনী পৌর সভার ৯ নম্বর ওয়ার্ডের তার নিজস্ব দুই বিঘা জমিতে মাছের খামার ফ্যাক্টরি নির্মান কাজের স্থান পরিদর্শন কালে তিনি জমি নিয়ে চযালেন্জ করেন। তিনি বলেন,যদি একটুকরো জমি সরকারের বা অন্য মালিকের প্রমান করতে পারেন তবে, আমি রাজনীতি ছেড়ে দেব।

এসময় গাংনী পৌ আওয়ামী লীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু,সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, শ্রমিক ইউনিয়নের সভাপতি জমির হোসেন,গাংনী বাজার কমিটির সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম, শ্রমিক নেতা মনিরুল ইসলাম মনি,জেলা ছাত্র লীগের সাবেক সহ সভাপতি শাহাদুজ্জামান শিপুসহ আওয়ামীগ,ছাত্র লীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

জানা গেছে, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক তার দুই বিঘা জমির ওপর একটি মাছের খাদ্য উৎপাদন কারখানা মির্মাণ করছেন। রেজিষ্ট্রেশন সহ নানা রকম সরকারের নিয়ম মেনে বছর খানেক আগে কাজ শুরু হয়। বিম ঢালায় পর্যন্ত কাজ চলমান। এসময় তার পাশের একটি জমি মালিকের অনুমোদিত সাপেক্ষে লিজ নিয়ে সমান করছিল। এসময়

গাংনী পৌরসভার ৯ মম্বর ওয়ার্ড কাউন্সিলে রাশিদুল ইসলাম খোকন গিয়ে এমএ খালেকের স্কেবিটর চালকে মারধর করে। পরে গাংনী পৌরসভা মেয়র আহম্মেদ আলীকে বিচার করার অমুরোধ জানালে মেয়র আহম্মেদ আলী বিচার করেনি। পরে আইনের আশ্রয় নেয় স্কেবিটর চালক।

এদিকে রাশিদুল ইসলাম খোকন এমএ খালেক কে নিয়ে ফেসবুকে ভূমিদস্যু আখ্যায়িত করে মান হানিকর মনগড়া নামা মন্তব্য লিখে এমএ খালেকের মামহানি করা হয়। এতে ক্ষিপ্ত হয়ে ওঠে আওয়ামী লীগ,যুবলীগ ও ছাত্র লীগের নেতাকর্মীরা। তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় প্রতিবাদ জানানো হয়।

অন্যদিকে শ্রমিক মির্যাতনের বিচার চেয়ে ব্রিফিং করেন গাংমী শ্রমিক ইউনিয়নের সভাপতি জমির উদ্দিন ও মনিরুল ইসলাম মনি।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজ পারভীনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নে যুব মহিলা লীগের উঠান বৈঠক ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন এর নেতৃত্ব জেহালা ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি ইউপি সদস্য লাভলী খাতুনের আয়োজনে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এ সময় উঠান বৈঠক ও গণসংযোগ করে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরেন ও লিফলেট বিতরণ করেন এবং আগামী দ্বাদশ সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা সরকার ও নৌকা মার্কার পক্ষে ভোট চান।
এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি- পূর্ণিমা হালদার,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক

সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী ছাত্রলীগ ও যুবলীগ সহ ও চুয়াডাঙ্গা সদর উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

পিরোজপুর ইউনিয়নে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি পথসভা

মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির পথসভা অনুষ্ঠিত হয়।

রবিবার বিকেলে মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নের নুরপুর, বহরপুর, বোলিয়ারপুর, সোনাপুর, কাঁঠালপোতা সহ বিভিন্ন গ্রামে পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, কেন্দ্রীয় মহিলা আওয়ামী লীগের সদস্য শামিম আরা হীরা, বীর মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী, আমদহ ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এ্যাড. কাজী শহিদুল হক, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম মাস্টার, পিরোজপুর ইউনিয়ন কৃষকলীগের সভাপতি বাবলু খন্দকার সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।

বিএনপি নির্লজ্জ ও একটা মিথ্যাচারের দল: হানিফ

বিএনপি নির্লজ্জ ও একটা মিথ্যাচারের দল বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি।

তিনি বলেন, বিএনপি নির্লজ্জ ও একটা মিথ্যাচারের দল, মির্জা ফখরুলরা মিথ্যাচার করে জনগণকে বিভ্রান্ত করতে চাই। বিএনপির জন্মটায় অবৈধ পন্থায় মিথ্যার উপরেই হয়েছে। ক্যান্টলমেন্টে বসে সামরিক উর্দি পড়ে একটা রাজনৈতিক দল গঠন করার নমুনা পৃথিবীতে আর দ্বিতীয়টা আছে বলে মনে হয়না। যেটা বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান করেছিলো।

তিনি আরও বলেন, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল সাহেবরা গত দুই বছর ধরে সরকার পতনের একদফা আন্দোলন করে যাচ্ছে। তারা প্রতি মাসেই বলে আর একমাস পরেই সরকারের পতন হয়ে যাবে। সরকার বহাল তবিয়তে আছে বহাল তবিয়তেই থাকবে এই সমস্ত মেঠো বক্তব্যর আর কোনো প্রয়োজন নেই।

রবিবার (১৭ সেপ্টেম্বর) বেলা ১১টায় কুষ্টিয়ার পিটিআই রোডের নিজ বাসভবনে দলীয় নেতাকর্মীদের সাথে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

বিএনপির সরকার পতনের আন্দোলনের খেলা বন্ধ করে নির্বাচন কিভাবে করা যায় সেদিকে মনোনেবস করার আহবান জানিয়ে হানিফ আরো বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন সংবিধান অনুযায়ী যথা সময়ে হবে এবং নিয়ম অনুযায়ীই হবে। বিএনপি যদি সেই নির্বাচনে অংশ না নেই তাহলে আবারো তাদের রাজনৈতিক ভুল সিদ্ধান্তে পরিণত হবে। সুদরাতে যেয়ে তার দলকে একটা গভীর সংকটের মধ্যে ফেলে দেবে। আগামী সংসদ নির্বাচনে বিএনপি অংশ না নিয়ে তারা চরম রাজনৈতিক সংকটে উপনিত হবে।

হানিফ আরো বলেন, নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ হবে যদি আমাদের বিদেশি বন্ধুরা নির্বাচন অবাধ সুষ্ঠ নিরপেক্ষ হচ্ছে কিনা সেটা

দেখতে চান তাহলে তারা ইচ্ছে মতো পর্যবেক্ষক পাঠাতে পারেন আমাদের সরকারের পক্ষ থেকে স্বাগত জানাবে। বিএনপি নির্বাচনে জয়লাভ করলে নির্বাচন সুষ্ট আর হেরে গেলে অসুষ্ঠ এর কোনো যৌক্তিকতা নেই। আওয়ামী লীগের নেতৃত্বে নির্বাচন অবাধ ও সুষ্ঠ হবে।

এসময় সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাজহারুল আলম সুমন, আমজাদ হোসেন রাজু, তথ্য ও গবেষনা সম্পাদক রাশেদুল ইসলাম বিপ্লবসহ স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় নেতাকর্মীদের সাথে এমপি ছেলুন জোয়ার্দ্দারের মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় দলীয় নেতাকর্মিদের সাথে মতবিনিময় করেছেন। আজ শনিবার সকাল সাড়ে ১১টার দিকে তিনি আলমডাঙ্গার বধ্যভূমিতে এসে মুক্তিযোদ্ধা পার্ক নির্মাণ কাজের খোঁজ খবর নেন। পরে নেতাকর্মিদের সাথে মতবিনিময় করেন।

মত বিনিময়কালে এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, দলের নেতাকর্মিদের ঐক্যবদ্ধ থাকতে হবে। বালাদেশ আজ বিশ্বের কাছে একটি উন্নয়নশীল দেশ হিসেবে মাথা উচু করে এগিয়ে যাচ্ছে। দেশকে অকার্যকর একটি রাস্ট্রে পরিনত করতে বিএনপি-জামায়াত নানা ষড়যন্ত্র করছে। বিদেশীদের মাধ্যমে ক্ষমতায় বসার স্বপ্ন দেখছে।

তাদের সেই স্বপ্ন কোন দিনই পূরণ হবে না। সংবিধান অনুযায়ী আগামী সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। অবাধ ও সুষ্ঠ নির্বাচন হবে। ক্ষমতায় আসতে হলে ভোটের মাধ্যমেই আসতে হবে। কেউ ক্ষমতায় বসিয়ে দেবে না।

তিনি বলেন, আপনারা সবাই ঐক্যবদ্ধ থাকেন। কোন অপশক্তি ঐক্যবদ্ধ

আওয়ামীলীগকে পরাজিত করতে পারবে না।

মতবিনিময়কালে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা,সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্হামান লিটু বিশ্বাস,সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন,সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুক,উপজেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি লিয়াকত আলী লিপু মোল্লা, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম,হারদী ইউপি চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, পৌর আওয়ামীলীগ যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু,কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জয়নাল আবেদীন,যুবলীগ নেতা আহসান উল্লাহ, সাবেক জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডভোকেট সালমুন আহমেদ ডন, সাবেক ছাত্রলীগ নেতা সাদেকুর রহমান পলাশ, আশরাফুল হক, শাহিন মিজান, আশরাফুল, সৈকত খান প্রমুখ।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজ পারভিনের উঠান বৈঠক ও গণসংযোগ

চুয়াডাঙ্গা সদর উপজেলার নবগঠিত মাখালডাঙ্গা ইউনিয়ন ও মোমিনপুর ইউনিয়নের সরিষাডাঙ্গায় যুব মহিলা লীগের উঠান বৈঠক ও কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন এর নেতৃত্ব মাখালডাঙ্গা ইউনিয়নের রুমা খাতুন ও মোমিনপুর ইউনিয়নের যুব মহিলা লীগের সভাপতি ও ইউপি সদস্য লতা খাতুনের আয়োজনে এই উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এ সময় উঠান বৈঠক ও গণসংযোগ করে যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন বলেন চুয়াডাঙ্গা-১ আসনে মোট সাড়ে পাঁচ লক্ষ ভোটার এর ভিতরে নারী ভোটার প্রায় তিন লক্ষ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার

নিদর্শনায় ও চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের নেতৃত্ব আমরা সকল নারীকে ঘরের বাইরে এনে নারী জাগরণ করার চেষ্টা চালিয়ে যাচ্ছি। এ সময় তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরেন ও লিফলেট বিতরণ করেন এবং আগামী দ্বাদশ সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা সরকার ও নৌকা মার্কার পক্ষে ভোট চান।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি- পূর্ণিমা হালদার,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী ছাত্রলীগ ও যুবলীগ সহ ও চুয়াডাঙ্গা সদর উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।